সংশোধিত

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/উপকরণাদি-১/জেএসসি/পনি-৬১(২৪৩) তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০১৭

**বিষয় : ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার উপকরণাদি সরবরাহ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এ শিক্ষা বোর্ডের অধীনে ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ১ নভেম্বর বুধবার থেকে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মূল উত্তরপত্র এবং অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় উল্লিখিত বিতরণের তারিখ সকাল ১০.০০ ঘটিকায় এ শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি (বিতরণ ও গ্রহণ) শাখা থেকে সরবরাহ করা হবে। তাঁকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ বিদ্যালয়ের একজন (সহ-শিক্ষক/সিনিয়র সহ-শিক্ষক) প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। **পিয়ন বা অফিস সহকারীর নিকট পরীক্ষার উপকরণাদি বিতরণ করা হবেনা**। শিক্ষক/সহ-শিক্ষক/সিনিয়র সহ-শিক্ষক সমমানের প্রতিনিধির মাধ্যমে উপকরণাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নমুনা স্বাক্ষর সম্বলিত ক্ষমতা অর্পনপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। **বিদ্যালয়/কেন্দ্রের সীল অবশ্যই সঙ্গে আনতে হবে। অস্পষ্ট সীল কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। যদি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজে আসতে না পারেন সে ক্ষেত্রে তাঁর মনোনীত নিজ বিদ্যালয়ের সহ-শিক্ষক/সিনিয়র সহ-শিক্ষককে উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। অন্যথায় সে সকল কেন্দ্রের পরীক্ষার উপকরাণাদি সরবরাহ করা যাবে না।**

১. তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি এ শিক্ষা বোর্ড থেকে কেন্দ্র পর্যন্ত নিজ ব্যয়ে নিরাপদে পরিবহনের ব্যবস্থা করতে হবে ।

২. কেন্দ্রে পৌছার পর পরই প্রাপ্ত উপকরণাদি প্রদত্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত অবস্থান (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনা পূর্বক ৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং নম্বর ফর্দের (OMR) হিসাবসহ (যা কম্পিউটার শাখা থেকে গ্রহণ করেছে) উক্ত উভয় রিপোর্টের ১(এক) কপি করে পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।

৩. উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, নম্বর ফর্দ্দ (OMR) ভর্তিবস্তা, খালি বস্তাসহ সকল উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা শেষ হওয়ার পরে অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অবশ্যই অত্র বোর্ডের পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝিয়ে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে কিংবা মালামাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্ধৃত উপকরণাদি (ট্রাংক/বস্তা) কোন ক্রমেই রেলওয়ে পার্শেল/ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠানো যাবেনা।

৪. উপকরণাদি গ্রহণকারী কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গ্রহণকৃত উপকরণাদি চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝিয়ে দিবেন।

৫. সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, নম্বর ফর্দ্দ (OMR) ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর STD হিসাব নম্বর ৩৬০০০০৬৮ এ সোনালী ব্যাংক লিঃ গ্রেটার রোড শাখা, রাজশাহীর অনুকূলে জমা করে পত্র গ্রহণ শাখায় জমা করতে হবে। পরীক্ষা চলাকালীন ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপযুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের সেলাই খোলা থাকলেও, কোন ক্রমেই ষ্ট্যাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরৎ দিতে হবে।

জেলাওয়ারী উপকরাণাদি বিতরণের তারিখ নিম্নরূপ

| ক্রমিক নম্বর | জেলার নাম | বিতরণের তারিখ ও বার | ক্রমিক নম্বর | জেলার নাম | বিতরণের তারিখ ও বার |
|---|---|---|---|---|---|
| ১. | জয়পুরহাট ও বগুড়া | ২১/১০/২০১৭ শনিবার | ৪. | নওগাঁ | ২৪/১০/২০১৭ মঙ্গলবার |
| ২. | সিরাজগঞ্জ | ২২/১০/২০১৭ রবিবার | ৫. | চাঁপাইনবাবগঞ্জ ও নাটোর | ২৫/১০/২০১৭ বুধবার |
| ৩. | পাবনা | ২৩/১০/২০১৭ সোমবার | ৬. | রাজশাহী | ২৬/১০/২০১৭ বৃহস্পতিবার |

জেলাওয়ারী উপকরাণাদি ফেরতের তারিখ নিম্নরূপ

| ক্রমিক নম্বর | জেলার নাম | ফেরতের তারিখ ও বার | ক্রমিক নম্বর | জেলার নাম | ফেরতের তারিখ ও বার |
|---|---|---|---|---|---|
| ১. | জয়পুরহাট ও বগুড়া | ২৫/১১/২০১৭ শনিবার | ৩. | রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ | ২৭/১১/২০১৭ সোমবার |
| ২. | সিরাজগঞ্জ ও নাটোর | ২৬/১১/২০১৭ রবিবার | ৪. | পাবনা ও নওগাঁ | ২৮/১১/২০১৭ মঙ্গলবার |

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক
কেন্দ্র সচিব

..............................................................বিদ্যালয়/মহাবিদ্যালয়

কেন্দ্রের নামঃ ..................................., কেন্দ্র কোডঃ ..................

উপজেলা : ................................., জেলা : .............................

স্মারক নম্বর- রাশিবো/উপকরণাদি-১/জেএসসি/পনি-৬১(২৪৩)/(১২৪) তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১. জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী
২. জেলা প্রশাসক, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৩. পুলিশ সুপার, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৪. উর্ধ্বতন পোস্ট মাস্টার, উত্তরাঞ্চল, রাজশাহী
৫. রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
৬. রেলওয়ে সুপারিনটেনডেন্ট, পশ্চিম অঞ্চল, রাজশাহী (পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত প্রেরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল)।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(জেএসসি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৯. উপ-সচিব (ভান্ডার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১০. কেন্দ্রের নিকটবর্তী সকল রেলওয়ে স্টেশন মাস্টার, পশ্চিম অঞ্চল, রাজশাহী (কম্পিউটার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের ফলে উপকরণাদি ভর্তি বস্তাসমূহ অতি সতর্কতার সঙ্গে উঠানো এবং নামাবার জন্য সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিবর্গকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।
১১. নিরাপত্তা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১২. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেএসসি পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৪. পি.সি, আনসার বাহিনী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১৫. অফিস নথি

২৫/৯/১৭

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (জেএসসি)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন ০৭২১-৭৭৫১১৯
মোবাইল ০১৭১৮-৪৪২৬৪৬
email : dcj@rajshahieducationboard.gov.bd